



## প্রথম চুম্বনের দাগ

- রণদীপম বসু

প্রথম চুম্বনের দাগ মুছে না

শ্যাম্পু সাবান সোডা ঘষে ঘষে  
চামড়ার পলেস্তা খসে ঠোঁট দু'টো হয়ে গেছে  
ভেঙ্গুরের খাদ  
অদৃশ্য উল্কির বিভা, মাংশের গভীরে আঁকে  
লাল লাল টক টক মাংশের ক্ষত  
কিছুতেই যায় না মোছা প্রথম চুম্বনের দাগ

মানুষের ঠোঁটে রাখা প্রথম বিষাদ  
জলের স্পন্দন পেলে  
নিমেষে ফোড়ায় ঠোঁটে রক্ত-রাঙা ফুল

কেউ কি মুছতে পারে প্রথম চুম্বনের দাগ  
আমার প্রথম দাগ তোমার ঠোঁটে  
হয়ে গেছে দ্বিতীয় তৃতীয় কিংবা  
চতুর্থ পঞ্চম  
আর  
প্রথমটা রেখেছো তুমি অন্যের দখল !